গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

# বুড়িচং আনন্দ পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়

বুড়িচং, কুমিল্লা।

স্থাপিতঃ ১৯২০

E-mail: bapghs@gmail.com    Website: www.bapghs.edu.bd    EIIN: 105268

স্মারকনং-বুড়ি/সর/উবি-২০২৬/৪৯৬    তারিখঃ ১৮/০৬/২০২৬ খ্রি.

## নিলাম বিজ্ঞপ্তি

বুড়িচং আনন্দ পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, বুড়িচং, কুমিল্লা এর বিদ্যালয় ক্যাম্পাসের উত্তর পূর্ব পার্শ্বে অবস্থিত পুরাতন জরাজীর্ণ দোতলা যমুনা ভবন অপসারণের নিমিত্তে (যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী দরদাতাদের কাছ থেকে নির্ধারিত দরপত্র ফরমে সীলমোহর যুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা এর অফিস হতে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ফরম সংগ্রহ করতে হবে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লায় নির্ধারিত বাক্সে জমা দেয়া যাবে। অসত্য/অসম্পূর্ণ ভুল তথ্য সম্বলিত দরপত্র বিবেচনার যোগ্য হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিলাম কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সর্বোচ্চ দরদাতাকে ভবন ভেঙ্গে নেয়ার জন্য কার্যাদেশ দেয়া হবে। নিলাম মূল্যের সাথে দরপত্র মূল্যের ২০% (শতকরা বিশ ভাগ) হারে বায়নার টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে প্রধান শিক্ষক, বুড়িচং আনন্দ পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, বুড়িচং, কুমিল্লা বরাবর দাখিল করতে হবে। দরপত্র অন্যান্য শর্তাবলি দরপত্রের সাথে সংযুক্ত থাকবে।

### দরপত্র বিক্রয় ও গ্রহণের সময়সূচী

| দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে (১৮/০৬/২০২৬ হতে ৩০/০৬/২০২২) খ্রিঃ পর্যন্ত প্রতিদিন সকাল -১০.০০ টা থেকে দুপুর -১.০০ টা পর্যন্ত | ০৮/০৭/২০২৬ খ্রিঃ তারিখ সকাল -১০.০০ টা থেকে দুপুর -১.০০ টা পর্যন্ত | ০৮/০৭/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার কার্যালয় |

স্বাঃ/

(এ কে এম আমিনুল ইসলাম)

প্রধান শিক্ষক

বুড়িচং আনন্দ পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়

বুড়িচং, কুমিল্লা।

স্মারক নং-বুড়ি/সর/উবি-২০২৬/৪৯৬    তারিখ: ১৮/০৬/২০২৬

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

২। জেলা প্রশাসক, কুমিল্লা।

৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা।

৪। উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা।

৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বুড়িচং, কুমিল্লা।

৬। সংরক্ষণ নথি।

১৮/০৬/২৬

(এ কে এম আমিনুল ইসলাম)

প্রধান শিক্ষক

বুড়িচং আনন্দ পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়

বুড়িচং, কুমিল্লা।